সত্যমেব জয়তে

পশ্চিমবঙ্গ সরকার

রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা সংক্রান্ত কিছু কথা

খাদ্য ও সরবরাহ দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার
১১এ, মির্জা গালিব স্ট্রীট, কলকাতা - ৭০০০৮৭

রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা কী?

জাতীয় খাদ্য সুরক্ষা আইনের আওতায় যোগ্য পরিবার হিসেবে চিহ্নিত হন নি কিন্তু আর্থ-সামাজিক ভাবে পিছিয়ে থাকা ও গণবন্টনের আওতায় ভর্তুকি যুক্ত খাদ্য সামগ্রী পেতে আগ্রহী ব্যক্তিদের রাজ্য সরকার ভর্তুকি যুক্ত খাদ্য সামগ্রী বন্টনের একটি কর্মসূচি গ্রহণ করেছে। এই প্রকল্পের নাম রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা।

কারা এই রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার উপভোক্তা?

পশ্চিমবঙ্গে সাধারণভাবে বসবাসকারী অধিবাসীদের মধ্যে যারা খাদ্য সুরক্ষা আইনের আওতায় যোগ্য পরিবার হিসেবে চিহ্নিত হন নি, রাজ্য সরকার তাঁদের গণবন্টনের মাধ্যমে ভর্তুকিযুক্ত খাদ্যসামগ্রী পাবার জন্য আবেদন করার সুযোগ দিয়েছিল। এই পরিপ্রেক্ষিতে জনসাধারণের কাছ থেকে সবুজ ও সাদা ফর্মে আবেদন গ্রহণ করা হয়। যে সব আবেদন যোগ্য বলে বিবেচিত হয়েছে সেই সব ব্যক্তিদের রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার যোগ্য ব্যক্তি হিসেবে চিহ্নিত করা হয়েছে।

আবেদন নিষ্পত্তির সময়ে কী কী বিষয় বিবেচনা করা হয়েছিল?

আবেদন নিষ্পত্তির সময়ে মূলতঃ তিনটি বিষয় যাচাই করার কথা বলা হয়েছিল ঃ-

- আবেদনকারী ইতিমধ্যেই জাতীয় খাদ্য সুরক্ষা আইনে যোগ্য পরিবার হিসেবে চিহ্নিত হয়েছেন কি না;
- আবেদনপত্রে উল্লিখিত বঞ্চনা সূচকগুলি প্রযোজ্য কি না;
- আবেদনকারী পরিবারটি আর্থ-সামাজিক ও জাতিগত জনগণনার শর্ত অনুসারে স্বতঃ-বহির্ভুক্ত (Auto excluded) কি না।

রাজ্য খাদ্য সুরক্ষা যোজনায় কী সুবিধা দেওয়া হবে?

যে সব পরিবার আর্থ-সামাজিক ও জাতিগত জনগণনার তালিকায় রয়েছেন কিন্তু খাদ্য সুরক্ষা আইনে যোগ্য পরিবার হিসেবে চিহ্নিত হন নি এবং রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার সুবিধা পাবার জন্য সবুজ ফর্মে আবেদন করেছিলেন এবং যাঁদের আবেদন গ্রাহ্য হয়েছে, তাঁরা রাজ্য খাদ্য সুরক্ষা

যোজনা-১ এর উপভোক্তা হিসেবে চিহ্নিত হয়েছেন। এঁরা কিলোগ্রাম প্রতি দুই টাকা দরে মাথাপিছু মাসে ৫ কিলোগ্রাম করে খাদ্যশস্য (চাল ও গম) পাবেন।

যে সব পরিবার আর্থ-সামাজিক ও জাতিগত জনগণনার তালিকাভুক্ত হন নি কিন্তু গণবন্টনের আওতায় খাদ্যশস্য পেতে চান এবং II-R (গ্রামাঞ্চলের জন্য) বা II-U (শহরাঞ্চলের জন্য) অর্থাৎ সাদা ফর্মে আবেদন করেছিলেন এবং তদন্ত সাপেক্ষে যাঁদের আবেদন গ্রাহ্য হয়েছে, তাঁরা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা-২ এর অন্তর্ভুক্ত হয়েছেন। এই সব পরিবারের সদস্যরা কিলোগ্রাম প্রতি ৯ টাকা দরে মাথাপিছু মাসে ১ কিলোগ্রাম করে গম ও কিলোগ্রাম প্রতি ১৩ টাকা দরে মাথাপিছু ১ কিলোগ্রাম করে চাল পাবেন।

প্রাপ্য খাদ্য সামগ্রী কিভাবে পাওয়া যাবে?

রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা ১ এবং ২-এর আওতায় আসা উপভোক্তাদের দুই ধরণের নতুন রেশনকার্ড দেওয়া হবে। রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা ১-এর জন্য সবুজ রং-এর রেশনকার্ড (১ নং চিত্রে যেমন দেখানো হয়েছে) এবং রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা ২-এর জন্য সাদা রং-এর রেশনকার্ড (২ নং চিত্রে যেমন দেখানো হয়েছে) বিনামূল্যে বিতরণ করা হবে। কেবলমাত্র এই কার্ড দেখিয়েই উল্লিখিত রেশন দোকান থেকে খাদ্য সামগ্রী পাওয়া যাবে।

১ নং চিত্র

২ নং চিত্র

খাদ্য সুরক্ষা যোজনার প্রাপ্য খাদ্য সামগ্রী পাওয়ার জন্য রেশনকার্ড কিভাবে পাওয়া যাবে?

জেলা প্রশাসন থেকে পূর্ব-নির্ধারিত দিনে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত/পৌরসভায় বিশেষ শিবির আয়োজন করে নতুন রেশনকার্ড বিতরণ করা হবে। নতুন কার্ড নেওয়ার জন্য যোগ্য পরিবার তালিকায় থাকা সংশ্লিষ্ট পরিবারের কোনও একজন সদস্যকে ওই পরিবারের প্রত্যেক সদস্যের বর্তমানে চালু রেশনকার্ড নিয়ে ওই বিশেষ শিবিরে যেতে হবে। বিশেষ শিবিরের অনুসন্ধান কেন্দ্রের দায়িত্বে থাকা আধিকারিক যোগ্য পরিবারের তালিকায় থাকা ওই পরিবারের সদস্যের নাম মিলিয়ে দেখে পুরনো রেশন কার্ডে নতুন রেশন কার্ড নম্বর ও কার্ডের শ্রেণী (Category) লিখে দেবেন। সেই কার্ড বিতরণ কাউন্টারে দেখালে নতুন কার্ড দেওয়া হবে এবং পুরনো কার্ডে "নতুন কার্ড দেওয়া হল" - এই মর্মে স্ট্যাম্প দেওয়া হবে। পরিবারের সকল সদস্যের পক্ষে যিনি নতুন কার্ডগুলি নেবেন তাঁকে প্রাপ্তিস্বীকার করে তালিকায় স্বাক্ষর করতে হবে।

যাঁদের নাম যোগ্য পরিবার তালিকায় থাকবে না, তাঁরা যদি বিশেষ শিবিরে চলে যান, তবে তাঁদের বর্তমানে চালু রেশন কার্ডের ওপর "এটি RKSY/NFSA কার্ড নয়" - এই মর্মে স্ট্যাম্প দেওয়া হবে। এই ধরণের বর্তমানে চালু রেশন কার্ডের মাধ্যমে এরপর থেকে কেবলমাত্র কেরোসিন তেল পাওয়া যাবে। খাদ্য সুরক্ষা আইনের ধারা অনুসারে প্রাপ্য বা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনায় প্রাপ্য খাদ্যশস্য বর্তমানে চালু রেশন কার্ডের মাধ্যমে পাওয়া যাবে না।

যোগ্য পরিবার তালিকায় নাম আছে না নেই তা কীভাবে জানা যাবে?

খাদ্য ও সরবরাহ দপ্তরের ওয়েবসাইটে **(www.wbpds.gov.in)** যোগ্য পরিবার ও তাঁদের সদস্যদের তালিকা, পরিবারটি কোন শ্রেণীর (Category), নতুন রেশন কার্ড নম্বর ও কোন রেশন দোকান থেকে তাঁরা রেশন নিতে পারবেন, সেই সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

যাঁরা সাদা বা সবুজ ফর্মে আবেদন করেছেন তাঁরা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার যোগ্য পরিবার তালিকায় তাঁদের নাম খুঁজে না পেলে জাতীয় খাদ্য সুরক্ষা আইনের আওতায় যোগ্য পরিবার তালিকাটিও ভালোভাবে খুঁজে দেখবেন। কারণ সেই তালিকাতেও তাঁদের নাম থাকতে পারে।

সংশ্লিষ্ট জেলার প্রত্যেক ব্লক, গ্রাম পঞ্চায়েত অফিস, মহকুমা ও জেলা খাদ্য নিয়ামকের দপ্তর থেকে এই তথ্য পাওয়া যাবে। এছাড়াও, খাদ্য ও সরবরাহ সপ্তরের কল সেন্টার প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে। ১৯৬৭ বা ১৮০০-৩৪৫-৫৫০৫, এই নম্বরে ফোন করে জনসাধারণ তাদের নাম যোগ্য তালিকায় আছে কিনা জানতে পারবেন। দুটি নম্বরই শুল্কমুক্ত **(Toll-Free)**।

অভিযোগ ও তার নিষ্পত্তি

প্রত্যেক জেলার জেলাশাসক দ্বারা মনোনীত একজন অতিরিক্ত জেলাশাসক জেলা অভিযোগ নিষ্পত্তি আধিকারিক (District Grievance Redressal Officer) হিসেবে কাজ করবেন। এই যোজনা অনুসারে যোগ্য পরিবারগুলি তাঁদের প্রাপ্য খাদ্য সামগ্রী না পেলে সেই মর্মে জেলা অভিযোগ নিষ্পত্তি আধিকারিকের কাছে আবেদন করতে পারবেন।

এছাড়াও, খাদ্য ও সরবরাহ দপ্তরের কল সেন্টার প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে। ১৯৬৭ বা ১৮০০-৩৪৫-৫৫০৫, এই দুই টোল-ফ্রী নম্বরে ফোন করে জনসাধারণ তাদের অভিযোগ জানাতে পারবেন।

জন অভিযোগ ও সহায়তা কেন্দ্র

টোল ফ্রি নং : ১৯৬৭

ও

১৮০০ ৩৪৫ ৫৫০৫

www.wbpds.gov.in

খাদ্য ও সরবরাহ দপ্তর

পশ্চিমবঙ্গ সরকার

১১এ, মির্জা গালিব স্ট্রীট, কলকাতা - ৭০০০৮৭